

ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
শিক্ষক ধর্মঘট প্রত্যাহার  
শনিবার হইতে ক্লাস

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ গত রবিবার শিক্ষামন্ত্রী এ এস  
এইচ কে সাদেকের দেওয়া প্রতিশ্রু-  
তির প্রেক্ষিতে ইসলামী বিশ্ববিদ্যা-  
লয়ের শিক্ষকগণ তাহাদের ধর্মঘট  
প্রত্যাহার করিয়াছেন। গত ২০  
আগষ্ট বিশ্ববিদ্যালয়ে বিভাগীয়  
চেয়ারম্যান পদে রোটেশন পদ্ধতি  
চালুর দাবীতে লাগাতার ধর্মঘট ক্লাস  
ও পরীক্ষা বর্জনের কর্মসূচী শুরু  
হয়। গতকাল মঙ্গলবার শিক্ষক সমি-  
তির জরুরী সাধারণসভার সিদ্ধান্ত-  
ক্রমে শনিবার হইতে সকল বিভাগে  
যথারীতি ক্লাস ও পরীক্ষা চলিবে।  
শিক্ষকদের সভায় অধিকাংশ শিক্ষ-  
কের মতামতের ভিত্তিতে শিক্ষা-  
মন্ত্রীর পরামর্শ বাস্তবায়নের সিদ্ধান্ত  
গৃহীত হয়। অর্থাৎ রোটেশন পদ্ধতি  
বর্তমান সময় হইতে তিন বছর পূর্ব  
হইতে কার্যকরী হইবে।